গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির
(এপ্রিল ২০২১ মাসের) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কে এম আলী আজম
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২২/০৪/২০২১
সময় : বেলা ১২.৩০ ঘটিকা
স্থান ও মাধ্যম : ভার্চুয়ালি (জুম এ্যাপস)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ১৮/০৩/২০২০ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অত:পর সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনার জন্য শিল্প মন্ত্রণালয়ের উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা) জনাব মো: সাইফুল ইসলাম কে আহ্বান জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | সভায় অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করা হয়েছে এবং এ সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত হওয়ায় ১২-৪-২১ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ২. | শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় ই-নথি/ই-মেইলের কার্যক্রমের বর্তমান অবস্থা দেখে সভাপতি মহোদয় হতাশা প্রকাশ করেন। তিনি বলেন যে, ই-নথি থেকে আমরা আগের তুলনায় অনেক পিছিয়ে যাচ্ছি এপিএতে লক্ষ্যমাত্রা ৮০% ই নথিতে বাস্তবায়ন করতে হবে। সভাপতি মহোদয় স্ব স্ব উইং প্রধান যেন তাঁর উইংয়ের ই-নথি কার্যক্রম জোর মনিটরিং করেন এবং আগামী মাসে ই-নথি বাস্তবায়নের তথ্য সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন | দাপ্তরিক কার্যক্রমে নিয়মিত ই-নথি/ই-মেইল ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের ক্ষেত্রে অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থার ক্ষেত্রে দপ্তর/সংস্থা প্রধানগণ জোর মনিটরিং করবেন এবং আগামী মাসে ই-নথি বাস্তবায়নের তথ্য সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |
| ৩. | সভাকে অবহিত করা হয় যে, এ পর্যন্ত ১২ টি দপ্তর/সংস্থায় সর্বমোট ৭৮০ জন প্রশিক্ষণার্থীকে আইএপি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। | প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথ প্রয়োগ করে সঠিকভাবে আইএপি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪. | সভাকে অবহিত করা হয় যে, শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে কর্মকর্তা /কর্মচারী নির্বাচনের জন্য ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। সভাপতি দ্রুত কমিটিকে প্রয়োজনীয় কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করেন। | গঠিত কমিটি শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা -২০১৭ অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে কর্মকর্তা /কর্মচারী নির্বাচন আগামী ৩০ মে/২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে । | শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি |
| ৫. | শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থা প্রধানগণ প্রতিমাসে মাসিক সভায় আইএপি পর্যালোচনা এবং ত্রৈমাসিক মনিটরিংসহ বছরশেষে মূল্যায়ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ক. শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থা প্রধানগণ তার সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে প্রতিমাসের সভায় অগ্রগতি আলোচনা করবেন।<br>খ. মন্ত্রণালয়ের ক্ষেত্রে অর্থবছরের শেষের দিকে অতিরিক্ত সচিব (জাস,সমন্বয়, প্রওম ও এপিএ) এর সভাপতিত্বে সভায় সকল কর্মকর্তাকে স্ব মূল্যায়িত আইএপি জমা দিতে হবে এবং দপ্তর/সংস্থার ক্ষেত্রে দপ্তর/সংস্থা প্রধানের সভাপতিত্বে সভায় সকল কর্মকর্তাকে স্ব মূল্যায়িত আইএপি জমা দিতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |
| ৬. | ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এপিএ এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে এবং আলাদাভাবে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে না। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ছকপত্র পূরণ করে সভায় উপস্থাপন করা হয়। | ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা) |

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(২৮-৪-২০২১)
(কে এম আলী আজম)
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়